গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৮, ঢাকা।
আত-ত্বরিক টাওয়ার, ১২/১, বিজয়নগর, ঢাকা।

নথি নং-২স-১৭৭/সমন্বয় সভা/২০২২-২০২৩/৯২৬ তারিখঃ ১৩ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, কর অঞ্চল-৮, ঢাকা।
তারিখঃ ১৩/১২/২০২২ খ্রিঃ রোজ মঙ্গলবার
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

বিষয়ঃ মাসিক রাজস্ব সভা ডিসেম্বর/২০২২ এর কার্যবিবরণী প্রসঙ্গে।

কর অঞ্চল-৮, ঢাকা এর কর কমিশনার জনাব মোহাম্মদ আবুল মনসুর এর সভাপতিত্বে ১৩/১২/২০২২ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকায় ২০২২-২০২৩ অর্থ বৎসরের বাজেট লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় পরিস্থিতি পর্যালোচনায় এবং এতদ্সংক্রান্ত গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা মূলক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার কার্যক্রম শুরু করেন।

বাজেট লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় পরিস্থিতির বিষয়ে কর কমিশনার মহোদয় মূল্যবান দিক নির্দেশনা মূলক বক্তব্য উপস্থাপন করেন। উৎসে আয়কর কর্তন তদারকী, বকেয়া কর হালনাগাদ করণ, অবিতর্কিত বকেয়া কর আদায় এবং ৬৪ ধারায় অগ্রিম কর আদায় এর মাধ্যমে বাজেট লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়।

সভায় উপস্থিত পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, সার্কেল কর্মকর্তাগণের মতামতের প্রেক্ষিতে সভাপতি মহোদয় সার্কেলের রাজস্ব আদায়ে গতি আনয়ন ও সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন :

| | |
|---|---|
| ১। | যে সব সার্কেলে লক্ষ্যমাত্রা অর্জনে ঘাটতি পরিলক্ষিত হয়েছে, উক্ত ঘাটতি অব্যবহিত পরবর্তী মাসের লক্ষ্যমাত্রার সাথে যুক্ত পূর্বক লক্ষ্যমাত্রা পুন:নির্ধারণ করত: তা আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশ প্রদান করা হয়। |
| ২। | সার্কেলের গুরুত্বপূর্ণ রেজিস্টার সমূহ: যেমন- মাসিক কর নির্ধারণী রেজিস্টার (রেজি:-৪), রিটার্ন রেজিস্টার, আদায় রেজিস্টার (রেজি:-৫), আপিল রেজিস্টার, ট্রাইব্যুনাল রেজিস্টার, ব্যাংক তল্লাশীর রেজিস্টার, ফিল্ড অডিট রেজিস্টার, আয়কর জরিপ রেজিস্টার, চেক/পে-অর্ডার রেজিস্টার আপডেট থাকতে হবে এবং সংশ্লিষ্ট পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনারগণকে সার্কেলের রেজিস্টার সমূহ নিয়মিত ভাবে মনিটরিং করার নির্দেশ প্রদান করা হয়। |
| ৩। | অবিতর্কিত বকেয়া আয়কর আদায়ের জন্য সার্কেল ভিত্তিক সঠিক বকেয়া করের তালিকা প্রণয়ন পূর্বক আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য সকল কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়। ব্যাংক হিসাব জব্দকরণ রেজিস্টার ও সার্টিফিকেট দায়ের করণ রেজিস্টার আপডেট রাখার জন্য নির্দেশ প্রদান করা হয়। |
| ৪। | অনিষ্পন্ন সকল কর মামলা দ্রুত আইনানুগভাবে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের জন্য সকল কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৮২বিবি ধারায় দাখিলকৃত সকল রিটার্নের ডেস্ক অডিট সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হয়। |
| ৫। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৯৩/১২০ ধারায় পূন:উম্মোচিত কর মামলাসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সার্কেল কর্মকর্তাগণকে নির্দেশ দেওয়া হয়। |
| ৬। | যারা ডিসেম্বর'২০২১ এর পূর্বে টিআইএন গ্রহণ করেছেন তাদের তালিকা প্রিন্ট করতে হবে। যারা রিটার্ন দেয়নি তাদের সবাইকে ১৩০/৯৩ ধারায় নোটিশ জারী করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে কর পরিদর্শকের মাধ্যমে তদন্ত করানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ৭। | সঞ্চয়পত্রের বিনিয়োগের বিষয়ে এবং BRTA তে নিবন্ধিত মোটরযানে বিনিয়োগকারী করদাতাগণের তথ্য যাচাই করত: মাসিক ভিত্তিতে এতদ্সংক্রান্ত পরিপালন প্রতিবেদন অত্র অফিসে প্রেরণ করার নির্দেশ প্রদান করা হয়। |
| ৮। | কোম্পানী সার্কেল সমূহে নিয়মিত ১১৭এ ধারার অনুমোদন গ্রহণ ও কোম্পানী সমূহের উৎসে কর্তন মনিটরিং এর মাধ্যমে কম উৎসে কর কর্তন পাওয়া গেলে তা দ্রুত আদায়ের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়। সার্কেলের টিআইএনধারী সকল কোম্পানীর উৎসে কর মনিটরিং করার জন্য কর্মকর্তাগণকে নির্দেশ দেওয়া হয়। |
| ৯। | সার্কেলের কর পরিদর্শকের তদন্ত রেজিস্টার সঠিক ভাবে আপডেট করার নির্দেশনা প্রদান করা হয়। |

| | |
|---|---|
| ১০। | কোম্পানী সার্কেল সমূহে কোম্পানীর e-TDS রেজিস্ট্রেশন বৃদ্ধি করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ১১। | সার্কেল কর্মকর্তাগণকে নিবিড় পরিদর্শন প্রতিবেদনের এবং CIC এর নির্দেশনার ভিত্তিতে অনিষ্পন্ন কর মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করা হয়। |
| ১২। | Tax Office Management Software এ শতভাগ রিটার্ন দ্রুততম সময়ের মধ্যে এন্ট্রি দিতে নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৩। | সার্কেল কর্মকর্তাগণকে ব্যক্তিগত ডায়েরি সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৪। | অডিট/৯৩ ধারা/ সাধারণ মামলাসমূহ নিষ্পত্তির জন্য ৩/৪ টার বেশি নোটিশ প্রদান করা যাবে না। দ্রুত কর মামলা নিষ্পত্তি করে দাবি সৃষ্টি করতে হবে এবং আদায়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৫। | রিটার্ন রেজিস্টার এর প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে যাতে রেজিস্টার দেখেই বিভিন্ন প্রতিবেদন দেওয়া যায়। কর্মকর্তার স্বাক্ষর নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৬। | চেক/চালান/পে-অর্ডার রেজিস্টারঃ ৫০,০০০/-টাকার উপর প্রতিটি চালান অনলাইনে যাচাই করার নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৭। | সিআইসি, ডিজি ইন্সপেকশন রেজিস্টার, ১১৩(এফ) রেজিস্টার, নিবিড় পরিদর্শন সংক্রান্ত নথি, সার্টিফিকেট মামলা রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৮। | ৭৫(এ) ধারার রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ১৯। | ফরোয়ার্ড ডায়েরি যথাযথভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>নিম্নোক্ত ছক মোতাবেক<br>রিটার্ন \| কর নির্ধারণ \| আদায় \| বিবিধ |
| ২০। | TIN ট্রান্সফার ও সময়ের আবেদন পেন্ডিং না রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। |

সভায় উল্লিখিত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য কর কমিশনার মহোদয় আহবান জানান এবং সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১২/২০২২

( মোহাম্মদ আবুল মনসুর )
কর কমিশনার
কর অঞ্চল-৮, ঢাকা।

নথি নং-২স-১৭৭/সমন্বয় সভা/২০২২-২০২৩/৯২৬ তারিখঃ ১৩ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

| | |
|---|---|
| ০১ সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।<br>০২ সদস্য (অডিট ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ০৩ অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২, কর অঞ্চল-৮, ঢাকা।<br>০৪ যগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৩/৪, কর অঞ্চল-৮, ঢাকা।<br>০৫ এই কর অঞ্চলের সকল সার্কেল কর্মকর্তা | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। |

13/12/2022

( প্রণব সরকার )
উপ কর কমিশনার
সদর দপ্তর( প্রশাসন)
কর অঞ্চল-৮, ঢাকা।